

The Development and Well-Being Assessment

Parent Interview

বিকাশ এবং কুশল নির্ণয়

পিতামাতার সাক্ষাৎকার

শিশুর শেষের নাম	:
শিশুর প্রথম নামসমূহ	:
বয়স	:
জন্ম তারিখ	:
ছেলে/মেয়ে	:
ক্লিনিক/গবেষণা সংখ্যামান	:
সাক্ষাৎকারের তারিখ	:
যার সাক্ষাৎকার নেয়া হয়েছে	:
সাক্ষাৎকার গ্রহণকারী	:

প্রথম ধাপ হলো পি৪-১৬ সর্বলতা ও অসুবিধা নির্ণয়ক প্রশ্নমালা (এসডিকিউ) পূরণ করা ও প্রদত্ত ছক ব্যবহার করে প্রশ্নমালার প্রথম পৃষ্ঠার হিসেব নিচের সংখ্যামানে প্রকাশ করা।

এসডিকিউ আবেগ মান	০	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
এসডিকিউ চঞ্চলতা মান	০	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
এসডিকিউ আচরণ মান	০	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
এসডিকিউ বন্ধু মান	০	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
এসডিকিউ সামাজিক মান	০	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

বন্ধুমান- সামাজিক মান

(বিয়োগফল ধনাত্মক হলে বন্ধুমান > সামাজিক মান)

(বিয়োগফল ঋণাত্মক হলে বন্ধু মান < সামাজিক মান)

সামাজিক সঙ্গতি মান

(২য় পাতার সামাজিক সঙ্গতি পরিমাপক থেকে)

সামাজিক সঙ্গতি পরিমাপক (সাসপ) Social Aptitudes Scale (SAS)

(নাম) তার সমবয়সী অন্যান্য শিশু/ ব্যক্তির তুলনায় নিচের পরিস্থিতি সমূহে কী ধরনের প্রতিক্রিয়া দেখায় :

	পরিস্থিতি	গড়পরতা মানের চেয়ে অনেক খারাপ	গড়পরতা মানের চেয়ে সামান্য খারাপ	গড়পরতা মানের সমান	গড়পরতা মানের চেয়ে সামান্য ভালো	গড়পরতা মানের চেয়ে অনেক ভালো
সাসপ ১	অন্যদের সাথে হাসি-ঠাট্টায় অংশ নেবার সক্ষমতা, যেমন লঘু পরিহাস সহজভাবে গ্রহণ করা ও তাতে যথাযথভাবে সাড়া দিতে পারা।	০	১	২	৩	৪
সাসপ ২	অন্যদের সাথে খোশগল্প/আড্ডা দেওয়া, এমনকি যে বিষয়ে তার তেমন কোনো আগ্রহ নেই সেই বিষয় নিয়েও কথাবার্তা বলতে পারা।	০	১	২	৩	৪
সাসপ ৩	মানিয়ে চলার বা আপসপ্রবণ হবার ক্ষমতা।	০	১	২	৩	৪
সাসপ ৪	প্রতিকূল বা বিব্রতকর পরিস্থিতি মোকাবেলায় সঠিক কথাটি বলবার বা সঠিক কাজটি করবার ক্ষমতা।	০	১	২	৩	৪
সাসপ ৫	কোনো বিষয়ে জয়ী হতে বা নিজের মতটি প্রতিষ্ঠিত করতে না পারলেও শোভন ও শালীনতা বজায় রাখার ক্ষমতা। পরাজয়কে মেনে নেয়ার ক্ষমতা।	০	১	২	৩	৪
সাসপ ৬	তার সান্নিধ্যে অন্যদের স্বাচ্ছন্দ্যবোধ করা।	০	১	২	৩	৪
সাসপ ৭	অন্যদের কথার অন্তর্নিহিত ইশারা/তাৎপর্য বুঝতে পারার সঙ্গতি। তাদের প্রকাশ না হওয়া চিন্তা-ভাবনা ও অনুভূতি বোঝার অভ্যাস।	০	১	২	৩	৪
সাসপ ৮	কোনো ভুল করে ফেললে ভুলটি স্বীকার করার ও ক্ষমা প্রার্থনা করার ক্ষমতা। সেই সাথে এই ভুলের জন্য কেউ দুঃখ পেয়েছে কিনা তা বুঝতে পারা।	০	১	২	৩	৪
সাসপ ৯	কর্তৃত্ব করার বিষয়টি অন্যদের বুঝতে না দিয়ে নেতৃত্ব গ্রহণ করতে পারা।	০	১	২	৩	৪
সাসপ ১০	বিভিন্ন সামাজিক পরিস্থিতিতে উচিত অনুচিত বিষয়াদি সম্পর্কে সচেতন থাকার ক্ষমতা।	০	১	২	৩	৪

উপরের দশটি পরিস্থিতিতে সঙ্গতি সূচক মান নির্ণয় করে যোগফল প্রথম পাতায় লিখুন

বন্ধুত্ব বিষয়ক প্রশ্নমালা (Friendships Questionnaire)

বন্ধু ১	[নাম] বন্ধুত্ব তৈরি করতে কতটুকু সক্ষম?	গড়পরতা মানের চেয়ে কষ্টের সাথে	প্রায় গড়পরতা মানের সমান	গড়পরতা মানের চেয়ে সহজে		
		০	১	২		
বন্ধু ২	[নাম] এর বন্ধুত্ব বজায় রাখতে পারার ক্ষমতা কতটুকু?	গড়পরতা মানের চেয়ে কষ্টের সাথে	প্রায় গড়পরতা মানের সমান	গড়পরতা মানের চেয়ে সহজে		
		০	১	২		
বন্ধু ৩	বর্তমানে [নাম] এর এমন বন্ধু বান্ধবের সংখ্যা কতজন , যাদের সাথে সে অনেকটা সময় গল্পগুজব করে কাটায় বা একসাথে কোনো কাজ করে বা একসাথে বেড়াতে যায়?	১ জনও নয়	১ জন	২-৪ জন	৫-৯ জন	১০+ জন
		০	১	২	৩	৪
		↓ পরবর্তী অংশে	↓ বন্ধু ৪ প্রশ্নে			
বন্ধু ৪	[নাম] ও তার বন্ধুবান্ধবদের মধ্যে একই বিষয় নিয়ে কতখানি আগ্রহ বা মিল রয়েছে ?	না	কিছুটা	অনেকটা		
		০	১	২		
বন্ধু ৫	[নাম] ও তার বন্ধুবান্ধব কি একসাথে খেলাধুলা করে বা কম্পিউটার গেম খেলে বা কেনা কাটা করে?	না	কিছুটা	অনেকটা		
		০	১	২		
বন্ধু ৬	যদি [নাম] কোনো কারণে খুব বেশি মানসিক চাপের মধ্যে থাকে বা গোপন কোনো দুশ্চিন্তা/উদ্বেগিতায় আক্রান্ত হয় তখন সে কি এটা নিয়ে তার বন্ধুদের সাথে কথা বলে ও তার নিজের অনুভূতির কথা বন্ধুদের জানায়?	না	হয়তোবা	নিশ্চিতভাবে		
		০	১	২		
বন্ধু ৭	সার্বিক বিবেচনায় মোটামুটিভাবে আপনি কি [নাম] এর বন্ধুদের পছন্দ করেছেন বা মেনে নিয়েছেন?	না	কিছুটা	অনেকটা		
		০	১	২		
বন্ধু ৮	[নাম] এর শিশু-কিশোর/যুব বন্ধুদের অনেকে কি তাদের খারাপ আচরণের জন্য প্রায়শই বিভিন্ন সমস্যার মুখোমুখি হয়?	মোটাই নয়	সামান্য কয়েকজন	তাদের মধ্যে অনেকেই	তাদের সকলেই	
		০	১	২	৩	

বিকাশ সম্পর্কিত অংশ (Development Section):

বি ১	[নাম] এর স্কুলের পড়ালেখা ও আনুষঙ্গিক কর্মকাণ্ডে সে কি তার বয়সের তুলনায় গড়পরতা অথবা পিছিয়ে নাকি এগিয়ে আছে?	এগিয়ে আছে	গড়পরতা	পিছিয়ে আছে
		০	১	২
		↓ বি ৩		↓ বি ২
বি ২	স্কুলের কর্মকাণ্ডে [নাম] বর্তমানে আনুমানিক কোন বয়স সীমায় অবস্থান করছে এবং কোন বয়সের উপযোগী কাজ কর সক্ষমতা রয়েছে? (ঐচ্ছিক: উত্তর “গড়পরতা” হলে প্রকৃত বয়সের চাইতে ২ বছর কম বয়স লিপিবদ্ধ করতে হবে)। * যদি শিশুটির বয়স ১২ মাসের কম হয় তবে ‘০’ কোড দিন।	<div style="border: 1px solid black; width: 80px; height: 40px; display: inline-block;"></div> বছর		
বি ৩	[নাম] এর ভাষা ব্যবহারের দক্ষতা কিরকম? মনের ভাব প্রকাশ করতে বা অন্যের ভাষা বুঝতে সে কি তার বয়সের অনুপাতে গড়পরতা, পিছিয়ে না এগিয়ে আছে?	এগিয়ে আছে	গড়পরতা	পিছিয়ে আছে
		০	১	২
		↓ বি ৬		↓ বি ৪
বি ৪	ভাষার ব্যবহার ও বোঝার ক্ষেত্রে [নাম] বর্তমানে কোন বয়স সীমায় অবস্থান করছে? (ঐচ্ছিক: উত্তর ‘গড়পরতা’ হলে প্রকৃত বয়সের চাইতে ২ বছর কম বয়স লিপিবদ্ধ করতে হবে)। যদি শিশুটির বয়স ১২ মাসের কম হয় তবে ‘০’ বসান	<div style="border: 1px solid black; width: 80px; height: 40px; display: inline-block;"></div> বছর		
বি ৫	মুখের ভাষার ব্যবহার ছাড়া অন্যান্য উপায়ে যেমন মুখভংগি, আকার ইংগিত, দেহভংগি ইত্যাদির মাধ্যমে [নাম] কি তার মনের ভাব প্রকাশ করতে কোনো অসুবিধা বোধ করে?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি ৬	বিগত ৩ বছরে [নাম] এর জীবনে নিচের কোনো বিষয়াদি কি আপনাকে বা অন্যদেরকে গুরুতরভাবে ভাবিয়ে তুলেছিল?	না		হ্যাঁ
	ক) [নাম] এর কথা বলা শিখতে।	০		১
	খ) অন্যদের সাথে তার মানিয়ে চলতে।	০		১
	গ) অন্যকে অনুকরণ করার/ অনুকরণযোগ্য খেলার দক্ষতা অর্জন করতে।	০		১
	ঘ) [নাম] এর কোনো অদ্ভুত আচরণ বা লক্ষণীয় কোনো অভ্যাস যা বন্ধ করা অত্যন্ত কঠিন ছিল।	০		১
	ঙ) তার নতুন কোনো জিনিস শেখা ও করার ক্ষমতা; যেমন পাজল গেম তৈরি করতে, পোশাক পরা শিখতে।	০		১

বি ৭	*কেবলমাত্র বি ৬ক, বি ৬খ, বি ৬গ, বি ৬ঘ ও বি ৬ঙ এর মধ্যে কোনোটির উত্তর 'হ্যাঁ' হলে এই প্রশ্নটি করুন। [নাম] এর যে বিষয়/ বিষয়গুলো আপনাকে বা অন্যদেরকে গুরুতরভাবে ভাবিয়ে তুলেছিল তা কি বর্তমানে দূর হয়েছে?	সম্পূর্ণভাবে দূর হয়েছে	কিছু সমস্যা এখনও রয়ে গেছে
		০	১

প্রশ্নমালার নির্দেশিকাঃ

--যদি সাসপ এর মান ১২ অথবা তার কম হয়

অথবা

-- বি৭ এর জবাব হয় “কিছু সমস্যা এখনও বিদ্যমান”

অথবা

-- যদি এসডিকিউ সমবয়সী-জনিত সমস্যার মান ২ বা ততোধিক হয়

তবে পরবর্তী প্রশ্নে অগ্রসর হোন।

আর যদি এর কোনোটাই না হয় তবে এই অংশের প্রশ্নগুলো বাদ দিয়ে সরাসরি পরবর্তী অংশে অগ্রসর হোন।

যদি বি৬(ক) = ‘হ্যাঁ’ তবে বি৮ প্রশ্নটি করবেন, অন্যথায় সরাসরি বি১০ এ চলে যান।

বি৮	[নাম] এর বয়স ২ পূর্ণ হবার আগেই কি সে “মা” বা “বাবা” ছাড়া অন্য কোনো অর্থবোধক শব্দ ব্যবহার করতে শিখেছে? (যেমন শিশুরা অনেক সময় বিস্কুটকে “বিক্লি” বলে থাকে। এসব ক্ষেত্রেও উত্তরটি “হ্যাঁ” ধরতে হবে।	না	হ্যাঁ	
		০	১	
বি৯	একটি করে শব্দ ব্যবহার করতে শেখার পর শিশুরা কয়েকটি শব্দ জোড়া দিয়ে মনের ভাব প্রকাশ করার মতো বাক্য তৈরি করতে পারে। যেমন “পার্কে যাবো হাঁস দেখতে” বা “মা বিক্লি দাও”। [নাম] কি তার বয়স ৩ পূর্ণ হবার আগেই কয়েকটি শব্দ জোড়া দিয়ে মনের ভাব প্রকাশ করার মত বাক্য গঠন করতে পারে? (তবে “ধন্যবাদ”, “যাবো যাবো” ইত্যাদি একক শব্দযুগল দিয়ে গঠিত দ্বিরংজিমূলক বাক্যের ক্ষেত্রে ‘হ্যাঁ’ উত্তর গৃহীত হবে না।)	না	হ্যাঁ	
		০	১	
বি১০	শিশুরা অনেক সময় শারীরিক ভংগি বা ইশারা-ইংগিতের মাধ্যমে পূর্ণভাবে মনের ভাব প্রকাশ করতে পারে। যেমন হাতনেড়ে টা টা দেয়া, ঠোঁটের সামনে আঙুল রেখে চুপ করতে বলা, তাদের কাঙ্ক্ষিত জিনিসটিকে আঙুল দিয়ে নির্দেশ করা ইত্যাদি। [নাম] যখন শিশু ছিল তখন কি সে তার সমবয়সী শিশুদের মতো এভাবে শারীরিক ভংগি বা ইশারা-ইংগিতের মাধ্যমে মনের ভাব প্রকাশ করতে সক্ষম ছিলো?	সমবয়সী শিশুদের মতই/ তাদের চাইতে বেশি	সমবয়সী শিশুদের তুলনায় সামান্য কম	সমবয়সী শিশুদের তুলনায় অনেক কম
		০	১	২
বি১১	শিশুরা নানারকম শিশুতোষ খেলা পছন্দ করে। যেমন বাগানে/ উঠানে দৌড়াদৌড়ি করা, লুকোচুরি খেলা, বিভিন্ন পাজল বা ব্লক দিয়ে নিজের মনে খেলা করা ইত্যাদি। [নাম] কি শিশুবেসে এ ধরনের খেলা খেলতে পছন্দ করতো?	না	কিছুটা	অনেকটা
		০	১	২

বি১২	<p>বাড়ন্ত শিশুরা তাদের আনন্দ, আকর্ষণীয় বস্তু বা বিষয় এবং তাদের অর্জনগুলো অন্যদের সাথে ভাগ করে নেয়। যেমন আকর্ষণীয় কোনো ফুল বা ফড়িং দেখলে সে অন্যদের ডেকে সেটা দেখাতে চায়।</p> <p>[নাম] যখন একজন বাড়ন্ত শিশু ছিল তখন কি সে তার আনন্দ, আকর্ষণীয় বিষয় ও অর্জনগুলো অন্যদের সাথে ভাগ করে নিতো?</p>	না	কিছুটা	অনেকটা
		০	১	২

বি১৩	<p>অনেক শিশু খেলার সময় একই খেলা বারবার খেলতে থাকে- বা একই জিনিস নিয়ে একই কাজ বারবার করতে থাকে। যেমন খেলনা গাড়ির চাকা বারবার ঘোরাতে থাকে, লাইট বা ফ্যানের সুইচ বারবার জ্বলাতে -নেভাতে থাকে বা ঘরের দরজা বারবার বন্ধ করতে-খুলতে থাকে।</p> <p>[নাম] যখন শিশু ছিল তখন কি তার ক্ষেত্রে এ বিষয়টি সত্য ?</p>	না	কিছুটা	অনেকটা
		০	১	২

বি১৪	<p>অনেক শিশু তাদের খেলনা নিয়ে খেলা না করে সেটা দিয়ে অপ্রত্যাশিত আচরণ করে থাকে। যেমন খেলনাটি দিয়ে খেলা না করে সেটা নাকে নিয়ে গন্ধ শুঁকে, বা সেটার ওপর বারবার হাত বুলাতে থাকে বা খেলনাটি নিয়ে গালে বা শরীরের অন্য অংশে বার বার ঘষে বা সেটার স্পর্শ অনুভব করে।</p> <p>[নাম] যখন শিশু ছিল তখন কি তার ক্ষেত্রে এ বিষয়টি সত্য ?</p>	না	কিছুটা	অনেকটা
		০	১	২

বি১৫	<p>কোনো চরিত্রকে অনুকরণ করে /ভান করে খেলা শিশুদের অন্যতম প্রিয় খেলা। যেমন অন্য শিশুদের সাথে পুলিশ, ডাকাত, বাবা, মা ইত্যাদি সেজে খেলা করা। অনেক সময় তারা কাহিনী আকারে এ ধরনের খেলা পুতুল বা অন্য কোনো খেলনা নিয়ে করে থাকে।</p> <p>যদি বয়স ১১ বছরের নিচে হয়ঃ স্কুলে ভর্তি হবার আগে বা সম্প্রতি [নাম] কি এধরনের খেলায় অংশ নিয়েছে?</p> <p>যদি বয়স ১১ বছরের উপরে হয়ঃ চিন্তা করে বলুন যে [নাম] তার ৫-১০ বছর বয়সের সময় এধরনের অনুকরণ করে খেলায় অংশ নিত কিনা?</p>	না	কিছুটা	অনেকটা
		০	১	২

বি১৬	<p>যদি বয়স ১১ বছরের নিচে হয়ঃ বর্তমানে [নাম] কি তার খেলার সঙ্গীদের সাথে যথাযথ আচরণ করে? (যেমন তার চাইতে যারা কনিষ্ঠ তাদের সাথে রুঢ় আচরণ করে না এবং তার বয়োজেষ্ঠদের সাথে মনিব সুলভ আচরণ করে না)</p> <p>যদি বয়স ১১ বছরের উপরে হয়ঃ [নাম] যখন ছোট ছিল - যেমন ১০ বছর বয়সের সময় সে যাদের সাথে খেলাধুলা করত তখন কি সে তার খেলার সাথীদের সাথে যথাযথ আচরণ করত? (যেমন তার চাইতে যারা কনিষ্ঠ তাদের সাথে রুঢ় আচরণ করত না এবং তার বয়োজেষ্ঠদের সাথে মনিব সুলভ আচরণ করত না)</p>	না	কিছুটা	অনেকটা
		০	১	২

বি১৭	[নাম] যখন অন্য শিশু/কিশোরদের সাথে থাকে তখন কি সে সহযোগিতামূলক আচরণ করে বা তাদের সাথে দায়িত্ব ভাগ করে নিতে পারে?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি১৮	অনেক শিশু/কিশোরেরা তাদের পছন্দের জিনিস/বিষয় সংগ্রহ করতে ও সেগুলো নিয়ে দিনের অনেকটা সময় ব্যস্ত থাকতে পছন্দ করে। যেমন বিশেষ কোনো খেলা, ডাকটিকেট, বিশেষ গানের দল বা ব্যান্ড, খেলনা গাড়ি ইত্যাদি। সাধারণভাবে আমরা বলে থাকি এটা তার একটা আসক্তি বা বাতিক। অবশ্য এ ধরনের আসক্তি কোনো নেতিবাচক অর্থে ব্যবহৃত হয় না বা এগুলো তাকে বিব্রত/বিরক্ত করেনা বরং এসব নিয়ে মশগুল থাকতে ও আলাপ করতে সে পছন্দ করে। [নাম] এর কি এধরনের কোনো দীর্ঘমেয়াদী নেশা বা বিশেষ বিষয় নিয়ে বাতিক ছিল?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
		↓ বি২৪		↓ বি১৯
বি১৯	এই বাতিক বা আসক্তি সাধারণ ও স্বাভাবিক বিষয় ও বস্তুকেন্দ্রিক হতে পারে আবার অস্বাভাবিক বিষয় বা বস্তুর প্রতিও হতে পারে। যেমন ৮ বছরের একটি শিশু যদি খেলনা গাড়ি বা ডাকটিকেট নিয়ে মশগুল থাকে তবে তা স্বাভাবিক কিন্তু যদি সে রাস্তার বাতি বা প্রত্নতত্ত্ব নিয়ে আবিষ্ট থাকে তবে তা অস্বাভাবিক। [নাম] যে বস্তু বা বিষয় নিয়ে মশগুল থাকে বা থাকত তা কি সাধারণ ও স্বাভাবিক?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি২০	এই বস্তু বা বিষয়টি নিয়ে [নাম] এর বাধ্যতামূলক আচরণ ও চিন্তাবাতিক কি তার দৈনন্দিন জীবনযাত্রায় কোনো ধরনের প্রভাব ফেলে/বিঘ্ন ঘটায় বা ফেলতো/বিঘ্ন ঘটাতো?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি২১	[নাম] যখন অন্যদের সাথে কথা বলে সেসময় এই বস্তু বা বিষয়টি কি তাদের সেই কথোপকথনের ওপর কোনো প্রভাব ফেলে বা ফেলতো?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি২২	এই বস্তু বা বিষয়টি নিয়ে [নাম] কি এতটাই মশগুল থাকত বা থাকে যে এতে করে তার প্রয়োজনীয় কাজগুলো বন্ধ হয়ে গেছে বা যাচ্ছে?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি২৩	[নাম] এই আসক্তি বিষয়টির বিবরণ দিনঃ.....			

বি২৪	[নাম] কি অন্যদের সাথে কথাবার্তা শুরু করতে সক্ষম?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি২৫	যদি অন্য কেউ তার সাথে কথাবার্তা শুরু করে তবে কি সে তা চালিয়ে যেতে সক্ষম?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি২৬	গল্প বা আড্ডার বিষয়ে [নাম] এর আগ্রহের ভিন্নতা থাকা সত্ত্বেও সে কি বাস্তবিকই অন্যদের সাথে গল্পগুজব করতে আগ্রহী থাকে?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি২৭	কিছু শিশু/কিশোর রয়েছে যারা বিভিন্ন সামাজিক পরিস্থিতিতে যে বিভিন্ন রকম ভাষারীতির প্রয়োগ করতে হবে তা সম্পর্কে সম্যক ধারণা রাখেনা, ফলে বিভিন্ন সামাজিক পরিস্থিতিতে তারা ভাষা প্রয়োগের সময় অসামঞ্জস্যতার কারণে সমস্যার মুখোমুখি হয়। যেমন অনেক সময় দেখা যায় কেউ কেউ শিক্ষকের সাথে বন্ধুর মত কথা বলছে অথবা কেউ বন্ধুদের সাথে কেতাদুরস্ত ভাবে সম্ভম নিয়ে কথা বলছে। [নাম] কি ভিন্ন ভিন্ন পরিস্থিতিতে সামঞ্জস্যতা বজায় রেখে তার ভাষারীতির পরিবর্তন করতে সক্ষম?	না	কিছুটা	অনেকটা
		০	১	২

বি২৮	কিছু শিশু/কিশোরের মুখের ভাবভংগি, গলার স্বর বা শারীরিক ভংগি পর্যবেক্ষণ করে তাদের মনের অনুভূতি বোঝা অন্যদের জন্য সহজ। আবার অনেক শিশু/কিশোর আছে যাদের মুখের ভাবভংগি, গলার স্বর বা শারীরিক ভংগি পর্যবেক্ষণ করে তাদের মনের অনুভূতি বোঝা কঠিন; এমনকি সেই শিশুরা যদি পর্যবেক্ষণকারীদের খুব চেনা হয়ে থাকে তবুও। [নাম] এর মুখের ভাবভংগি, গলার স্বর বা শারীরিক ভংগি পর্যবেক্ষণ করে তার মনের অনুভূতি বোঝা কি অন্যদের জন্য কঠিন হয়?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি২৯	অন্যদের মুখভংগি, গলার স্বর বা শরীরের ভংগি দেখে তাদের মনের ভাব বোঝার ক্ষমতাও বিভিন্ন শিশু/কিশোরের বিভিন্ন রকম। কেউ কেউ সহজেই অন্যদের ইশারা ইংগিতের সূত্র ধরে বা শারীরিক ভংগি দেখে তাদের মনের ভাব বুঝে ফেলে আবার কোনো কোনো শিশু/কিশোরের জন্য বিষয়টি কঠিন হয়ে পড়ে, তার পক্ষে এসমস্ত ইশারা ইংগিতের সূত্র ধরে বা শারীরিক ভংগি দেখে অন্যদের মনের ভাব বোঝা কঠিন। অন্যদের মুখভংগি বা শারীরিক ভংগি দেখে তাদের মনের ভাব বোঝা [নাম] এর জন্য কি কঠিন?	না	কিছুটা	অনেকটা
		০	১	২

বি৩০	<p>কারো সাথে মুখোমুখি কথা বলার সময় তার চোখে চোখ রাখার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। যদি এই চোখে চোখ রাখার বিষয়টি প্রয়োজনের তুলনায় কম হয় বা অতিরিক্ত বেশি হয় বা সঠিক সময়ে না হয় তবে তা যারা কথা বলছে তাদের জন্য অস্বস্তিকর বা সমস্যা হয়ে দাঁড়ায়।</p> <p>অন্যদের সাথে মুখোমুখি কথা বলার সময় [নাম] কি খুব অল্প বা খুব বেশি বা ভুলভাবে চোখে চোখ রাখে?</p>	না	হয়তোবা	নিশ্চিত ভাবে
		০	১	২
বি৩১	<p>কোনো কোনো শিশু আছে যাদেরকে কোনো কথা বলা হলে তারা সেই কথাটিরই পুনরাবৃত্তি করে। যেমন কোনো শিশুকে যদি বলা হয় “আমরা কিছুক্ষণের মধ্যেই বাসায় যাবো”- এর প্রেক্ষিতে সেও বলে “আমরা কিছুক্ষণের মধ্যেই বাসায় যাবো” অথবা কেবল শেষের শব্দটিরই পুনরাবৃত্তি করতে থাকে, যেমন “যাবো, যাবো..”। পুনরাবৃত্তি করার বদলে সে বক্তার গলার স্বরও অনুকরণ করে। কোনো কোনো শিশু এই কাজটি অধিক পরিমাণে করে।</p> <p>[নাম] কি এ ধরনের পুনরাবৃত্তি করেছে বা করে থাকে?</p>	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি৩২	<p>কিছু শিশু/কিশোর আছে যারা একই প্রশ্ন বারবার করতে থাকে। যেমন “রাতে কি দিয়ে ভাত খাবো” বা “আমরা এখন কোথায় যাচ্ছি?” এমনকি এই প্রশ্নের উত্তর তাকে একাধিকবার দেয়ার পরেও সে একই প্রশ্ন বারবার করতে থাকে। অনেক সময় সে হুবহু একইভাবে প্রশ্ন করে না বটে কিন্তু মূলভাবটি একই থাকে?</p> <p>যেমন “রাতে কি দিয়ে ভাত খাবো”, এরপর “রাতে ভাতের সাথে কোন তরকারি আছে” এরপর “রাতে ভাতের সাথে মাংস না মাছ আছে?” ইত্যাদি।</p> <p>[নাম] এর কি এধরনের প্রশ্ন পুনরাবৃত্তি করার প্রবণতা আছে বা ছিল?</p>	না	কিছুটা	অনেকটা
		০	১	২

বি৩৩	<p>কোনো বাক্য বলার সময় অসামঞ্জস্য বাক্যাংশ বা প্রবাদ-বাগধারা ব্যবহার করা অনেক শিশু/কিশোরের মুদ্রাদোষ হয়ে দাঁড়ায়। যেমন প্রতিটি বাক্য শুরু করার আগে কেউ কেউ বলে থাকে “বলছিলাম কি..” বা “সত্যি বলতে কি..”। বেশিরভাগ সময় এই বাক্যাংশের প্রয়োগ যথার্থ হয়না এবং মূল বাক্যের সাথে এর কোনো সম্পর্ক থাকে না।</p> <p>[নাম] কি কথা বলার সময় এরূপ অপ্রয়োজনীয় বাক্যাংশ বা বাগধারা ব্যবহার করে থাকে বা করতো?</p>	না	কিছুটা	অনেকটা
		০	১	২

বি৩৪	কিছু শিশুরা দৈনন্দিন রুটিন মেনে চলতে পছন্দ করে এবং তারা প্রতিদিন একইভাবে তাদের রুটিন অনুযায়ী সবকিছু করতে চায়। যেমন প্রতিদিন একই খাবার একই প্লেটে একই চেয়ারে বসে খেতে চায় বা একই জামা পড়ে প্রতিদিন রাতে ঘুমাতে চায়। [নাম] কি কঠোরভাবে তার দৈনন্দিন রুটিন মেনে চলে বা যাতে এভাবে মেনে চলতে পারে সেজন্য অন্যদের ওপর চাপ সৃষ্টি করে বা করতো?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
		↓ বি৩৬		↓ বি৩৫
বি৩৫	[নাম] যে ধরণের রুটিন কঠোরভাবে মেনে চলতে চায় তা বর্ণনা করুনঃ.....			
বি৩৬	কিছু শিশু আছে যারা তাদের রুটিনের সামান্যতম ব্যত্যয় ঘটলে খুব মন খারাপ করে। যেমন একদিন ভিনু রাস্তায় স্কুলে গেলে বা একবেলা খাবার সময় নিজের চেয়ারটিতে বসতে না পারলে সে মুষড়ে পড়ে। [নাম] কি তার এধরণের দৈনন্দিন রুটিনের ব্যত্যয় ঘটলে সহজেই মন খারাপ করে বা করতো?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি৩৭	কিছু প্রাকস্কুল শিশু আছে যারা উত্তেজিত হলে বা মন খারাপ করলে হাত নাড়ায় বা বাহু উপর নিচ করতে থাকে। অনেক শিশু বড় হতে থাকলেও এ ধরণের আচরণ চালিয়ে যায়। [নাম] স্কুলে যাওয়া শুরু করার পর সে কি উত্তেজিত হলে বা মন খারাপ করলে এমনভাবে হাত নাড়ায় বা নাড়াত ?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
বি৩৮	ইতোমধ্যে আপনি [নাম] এর বিকাশজনিত অনেক প্রশ্নের উত্তর দিয়েছেন- বিশেষত তার ভাষারীতি, খেলাধুলা, দৈনন্দিন রুটিন এবং অন্য মানুষের সাথে তার মানিয়ে চলার ক্ষমতা সম্পর্কে। বর্তমানে আপনি কি [নাম] এর বিকাশ এর কোনো ক্ষেত্র নিয়ে উদ্বিগ্ন?	না	কিছুটা	অনেকটা
		০	১	২
		↓ পরবর্তী অংশে	↓ ৩১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের 'বিকাশ' এর ঘরে টিক চিহ্ন দিন এবং বি ৩৯ এ চলে যান	

বি৩৯	ইতোমধ্যে বিকাশ সংক্রান্ত যে বিষয়গুলো নিয়ে প্রশ্ন করা হয়েছে তার মধ্যে কোনোটি নিয়ে কি [নাম] বিগত ১২ মাসের মধ্যে মানসিক পীড়া অনুভব করেছে বা মন খারাপ করেছে?	মোটের নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
		০	১	২	৩
বি৪০	[নাম] এর ভাষারীতি, দৈনন্দিন রুটিন, খেলাধুলা অথবা সামাজিক সংগতি কি ব্যাঘাত ঘটিয়েছে.....	মোটের নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
	ক)আপনার ও পরিবারের অন্যান্যদের সাথে তার স্বাচ্ছন্দ্য?	০	১	২	৩
	খ)বন্ধু তৈরি করা ও ধরে রাখতে পারায়?	০	১	২	৩
	গ)লেখাপড়া বা শ্রেণীর কাজে?	০	১	২	৩
	ঘ)খেলাধুলা, শখ বা অন্যান্য অবসর বিনোদনমূলক কাজে?	০	১	২	৩
বি৪১	তার এই সমস্যাগ্রস্ত/পীড়াদায়ক আচরণ কি আপনার বা সামগ্রিকভাবে পরিবারের উপর একটা বোঝা হয়ে দাঁড়িয়েছে?	মোটের নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
		০	১	২	৩
বি৪২	কিছু শিশুর বিকাশ তাদের জন্মের পর থেকেই অস্বাভাবিক। এ ধরনের শিশুর পিতা মাতা আগে থেকেই বুঝতে পারেন তাদের সন্তানের বিকাশ স্বাভাবিকভাবে হচ্ছে না। কিন্তু সবক্ষেত্রে এমনটা নাও হতে পারে। অনেক সময় প্রথমদিকে পিতা-মাতা নিশ্চিত থাকেন যে তাদের সন্তানের বিকাশ স্বাভাবিকভাবেই হচ্ছে কিন্তু হঠাৎ করে সেই সন্তানের বিকাশজনিত একটা পরিবর্তন লক্ষ্য করা যায়। [নাম] এর ক্ষেত্রে এ বিষয়ে কোনটি সত্য?	সবসময় একই রকম		হঠাৎ পরিবর্তন	
		<div style="text-align: center;">০ ↓ প্রশ্নমালার পরবর্তী অংশে</div>		<div style="text-align: center;">১ ↓ বি৪৩</div>	
বি৪৩	এই ধরনের হঠাৎ পরিবর্তন [নাম] এর কত বছর বয়সের সময় ঘটেছিল? যদি প্রথম ১২ মাসের মধ্যে এরূপ পরিবর্তন হয়ে থাকে তবে '০' লিখুন।	<div style="border: 1px solid black; width: 100px; height: 40px; display: inline-block;"></div> বছর			

অংশ ক বিচ্ছিন্নতা সংশ্লিষ্ট উদ্বেগাধিক্য (Separation Anxiety)

বেশিরভাগ শিশু একজন বা অল্প কয়েকজন বয়স্কের প্রতি বিশেষভাবে আসক্ত থাকে। শিশু এদের কাছে নিরাপত্তা ও স্বস্তি চায় এবং কষ্ট বা আঘাত পেলে তাদের কাছে ছুটে যায়।

ক১	নিচের বয়স্কজনদের সাথে কি শিশু (নাম) বিশেষভাবে আসক্ত?	না	হ্যাঁ
১)	মা (জন্মদাত্রী বা দত্তক মা)	০	১
২)	বাবা (জন্মদাতা বা দত্তক বাবা)	০	১
৩)	মাচয়ের মত আর কেউ (সৎ মা, পালক মা, বাবার সঙ্গিনী)	০	১
৪)	বাবার মত আর কেউ (সৎ বাবা, পালক বাবা, মাচয়ের সঙ্গী)	০	১
৫)	এক বা একাধিক দাদা-দাদী, নানা-নানী)	০	১
৬)	এক বা একাধিক অন্যান্য বয়স্ক আত্মীয় (চাচা-চাচী, মামা-মামী, খালা-খালু, বড় ভাই বা বড় বোন ইত্যাদি)	০	১
৭)	আয়া, দাইমা, বয়স্ক পরিচারিকা	০	১
৮)	এক বা একাধিক শিক্ষক-শিক্ষিকা	০	১
৯)	এক বা একাধিক অন্য কোনো বয়স্ক অনাত্মীয় (পারিবারিক বন্ধু বা প্রতিবেশী ইত্যাদি)	০	১
১০)	কোনো বয়স্কের সাথেই বিশেষভাবে আসক্ত নয়	০	১

যদি ক১ (১০) এর উত্তর “হ্যাঁ” হয়, অর্থাৎ শিশু কোনো বয়স্কের সাথেই বিশেষভাবে আসক্ত নয়, কেবলমাত্র তখন নিচের প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন।

সে কি নিচের শিশুদের বা কিশোর-কিশোরীদের প্রতি বিশেষভাবে আসক্ত?

	না	হ্যাঁ	
১১)	এক বা একাধিক ভাই, বোন বা অন্য কোনো আত্মীয় ছেলেমেয়ে	০	১
১২)	এক বা একাধিক বন্ধু	০	১
১৩)	কারোর সাথেই বিশেষভাবে আসক্ত নয়	০	১

যদি ক১ (১৩) এর উত্তর “হ্যাঁ” হয়, তাহলে সরাসরি অংশ খ তে চলে যান। অন্যথায় পরবর্তী প্রশ্নগুলোতে এগিয়ে যান।

আপনি আমাকে এইমাত্র শিশুর (নাম) সাথে কে বিশেষভাবে আসক্ত তা বলেছেনঃ আপনি চাইলে ক১(১) থেকে ক১ (৯) কিংবা ক১ (১১) থেকে ক১ (১২) এর মধ্যে যে গুলোতে “হ্যাঁ” উত্তর দেয়া হয়েছে তার সবগুলোর তালিকা করতে পারেন। এখন থেকে আমি এই সব ব্যক্তিদের তার “আসক্তজন” বলে উল্লেখ করবো।

শিশু (নাম) তার “আসক্তজনদের” কাছ থেকে আলাদা হবার বিষয়ে কতোটা উদ্বেগে ভোগে এখন সে সম্পর্কে জানতে চাই। অধিকাংশ শিশু এ জাতীয় কিছু উদ্বেগে ভুগে থাকে, তবে আমি জানতে চাচ্ছি তার সমবয়সী অন্যান্য শিশুদের তুলনায় তার এই উদ্বেগ প্রকাশ কতোটা তীব্র। এক্ষেত্রে সে সচরাচর যে আচরণ দেখায় তার বর্ণনা দিন ---- মাঝে মধ্যে বিশেষ কোনো দিন বা ছুটির দিনের আচরণ নয়।

ক২ মোটামুটিভাবে গত ৪ সপ্তাহে সে কি তার আসক্তজন থেকে আলাদা হবার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছে?

না	হ্যাঁ
০	১

যদি ক২ এর উত্তর “হ্যাঁ” অথবা এসডিকিউ আবেগ মান ≥ 8 হয়, তাহলে পরবর্তী প্রশ্নগুলোতে এগিয়ে যান। যদি উত্তর “না” হয়, তাহলে সরাসরি অংশ খ তে চলে যা

ক৩	গত ৪ সপ্তাহে এবং শিশুর সমবয়সীদের সাথে তুলনা করলে ...	অন্যদের তুলনায় বেশি নয় (বা প্রয়োজ্য নয়)	অন্যদের তুলনায় সামান্য বেশি	অন্যদের তুলনায় অনেক বেশি
১)	সে কি তার আসক্তজনদের খারাপ কিছু একটা ঘটতে যাচ্ছে অথবা তাদেরকে হারাতে যাচ্ছে ভেবে উদ্ভিগ্ন হয়েছে?	০	১	২
২)	আসক্তজনদের কাছ থেকে নানাভাবে তাকে সরিয়ে নিয়ে যাওয়া হতে পারে ভেবে সে কি উদ্ভিগ্ন থাকে, যেমন - ধরে নিয়ে যাওয়া, হাসপাতালে নেয়া, এমনকি মেরে ফেলা?	০	১	২
৩)	যখন সে স্কুলে থাকবে তখন আসক্তজনদের কিছু ঘটে যেতে পারে এই ভয়ে সে কি প্রায়ই স্কুলে যেতে চায় না? (শিশু যদি অন্য কোনো কারণে যেমন - অন্যদের গায়ের জোর দেখানো বা মারামারির কারণে স্কুলে যেতে অনীহা দেখায় তা এখানে সংশ্লিষ্ট করবেন না)	০	১	২
৪)	একা ঘুমাতে হবে ভেবে সে কি উদ্ভিগ্ন হয়ে থাকে?	০	১	২
৫)	সে কি রাতে নিজ শোবার ঘর থেকে বের হয়ে এসে দেখে নেয়, তার আসক্তজনেরা ঘরে আছেন কিনা অথবা তাদের কাছাকাছি ঘুমাতে চায়?	০	১	২
৬)	অপরিচিত কোনো জায়গায় ঘুমানোর ব্যাপারে সে কি উদ্ভিগ্ন হয়ে থাকে?	০	১	২
৭)	(শিশুর বয়স যদি ১১ বছরের কম হয় কেবলমাত্র তখন জিজ্ঞাসা করুন) আসক্তজনেরা ঘরের কোথাও থাকা সত্ত্বেও সে কি একা হতে ভয় পায়?	০	১	২
৮)	(শিশুর বয়স যদি ১১ বছর বা তার বেশি হয় কেবলমাত্র তখন জিজ্ঞাসা করুন) আসক্তজনেরা হঠাৎ এক মুহূর্তের জন্য বাইরে গেলে ঘরে একা থাকতে হবে ভেবে সে কি উদ্ভিগ্ন হয়ে থাকে?	০	১	২
৯)	আসক্তজনদের কাছ থেকে আলাদা হওয়া নিয়ে সে কি প্রায়ই ভয়ের স্বপ্ন বা দুঃস্বপ্ন দেখে থাকে?	০	১	২
১০)	আসক্তজনদের কাছ থেকে আলাদা হলে বা আলাদা হতে যাচ্ছে জেনে তার কি মাথাব্যথা, পেটব্যথা, বমি বমি ভাব ইত্যাদি উপসর্গ হয়ে থাকে?	০	১	২
১১)	আসক্তজনদের কাছ থেকে আলাদা হবার সময় বা আলাদা হবার চিন্তায় সে কি উদ্ভিগ্ন হয়, কাঁদতে থাকে, জেদ করে আসক্তজনদের জড়িয়ে থাকে অথবা মর্মপীড়া দেখায়?	০	১	২

যদি ক৩ এর প্রশ্নমালার যে কোনো একটিতে “অন্যদের তুলনায় অনেক বেশি” ঘরে টিক চিহ্ন দেয়া হয় তাহলে ঠ১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “বিচ্ছিন্নতা সংশ্লিষ্ট উদ্বেগাধিক্য” এর ঘরে টিক চিহ্ন দিন এবং ক৪ এ এগিয়ে যান। অন্যথায় সরাসরি অংশ খ তে এগিয়ে যান।

ক৪

আসক্তজনদের কাছ থেকে শিশুর (নাম) আলাদা হবার উদ্বেগ কি কমপক্ষে ৪ সপ্তাহ ধরে আছে?

না	হ্যাঁ
০	১

ক৫

আসক্তজনদের কাছ থেকে তার আলাদা হবার উদ্বেগ যখন শুরু হয়েছিল তখন তার বয়স কতো ছিল?
(যদি জন্ম থেকেই হয়, ০ বসান)

বছর বয়স

ক৬

এসব উদ্বেগ তাকে কতোটা এলোমেলো করেছে বা কষ্ট দিয়েছে?

মোটোও নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

ক৭

এসব উদ্বেগ কি ব্যাঘাত ঘটিয়েছে ...

মোটোও নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩
০	১	২	৩
০	১	২	৩
০	১	২	৩

১)

আপনার ও পরিবারের অন্যান্যদের সাথে তার স্বাচ্ছন্দে?

২)

বন্ধু তৈরি করা ও ধরে রাখতে পারায়?

৩)

লেখাপড়া বা শ্রেণীর কাজে?

৪)

খেলাধুলা, শখ বা অন্যান্য অবসর বিনোদনমূলক কাজে?

ক৮

এসব উদ্বেগ কি আপনার বা সামগ্রিকভাবে পরিবারের ওপর একটা বোঝা হয়ে দাঁড়িয়েছে?

মোটোও নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

অংশ খ বিশেষ বিষয় বা পরিস্থিতি ভীতি (Fears of specific things or situations)

এ অংশটিতে শিশুদের কোনো বিশেষ বিষয় বা পরিস্থিতি যা তাদের জন্য সত্যিকারভাবে বিপজ্জনক না হওয়া সত্ত্বেও ভয় পায় তা জানা যায়। আমি জানতে চাই শিশু (নাম) কিসে ভয় পায়। সে সচরাচর যে আচরণ দেখায় তা জানতে আমি আগ্রহী, মাঝেমাঝে বিশেষ দিনের এ ধরনের কোনো আচরণ নয়। এই অংশে সব ধরনের ভীতি সম্পর্কে জানা যাবে না; কতোগুলো ভীতি, যেমন - সামাজিক পরিস্থিতি, নোংরা, বিচ্ছিন্নতা সংশ্লিষ্ট, লোকজনের ভিড়জনিত ভীতি অন্যান্য অংশে জানা যাবে।

খ১ শিশু (নাম) কি নিচের তালিকার বিষয় বা পরিস্থিতিতে ভয় পায়?

- ১) প্রাণীঃ কুকুর, মাকড়সা, মৌমাছি এবং বোলতা, নেংটি হাঁদুর বা খেড়ে হাঁদুর, সাপ, বা অন্য কোনো প্রাণী, পাখি অথবা পোকা
- ২) প্রাকৃতিক পরিবেশের কিছু বিষয়ঃ ঝড়, বজ্রগর্জন, উচ্চতা, পানি
- ৩) অন্ধকার
- ৪) তীব্র শব্দঃ দমকলের ঘন্টি, বাজিপটকা
- ৫) রক্ত-ইনজেকশন-আঘাতঃ রক্ত বা আঘাত, ইনজেকশন, বা অন্যান্য ডাক্তারি পদ্ধতি দেখে ভয় শুরু হওয়া
- ৬) দস্তচিকিৎসক বা চিকিৎসক
- ৭) বমি, শ্বাসকষ্ট বা নির্দিষ্ট কোনো রোগ হওয়া, যেমন - ক্যান্সার বা এইডস
- ৮) বিশেষ যানবাহনে চড়াঃ যেমন - মোটরগাড়ি, বাস, নৌকা, উড়োজাহাজ, রেলগাড়ি, ভূতল ট্রেন, সেতু
- ৯) ছোট আবদ্ধ জায়গাঃ যেমন - লিফট, সুরঙ্গপথ
- ১০) টয়লেট ব্যবহার করাঃ যেমন - স্কুলে বা অন্য কারো বাড়িতে
- ১১) বিশেষ ধরণের লোকজনঃ যেমন - ভাঁড়, দাড়িওয়ালা লোক, মাথায় আঘাত নিরোধক হেলমেটধারী, কিম্বুত সাজপোষাকধারী, বুড়ো সাজা লোক
- ১২) কাল্পনিক বা অতিপ্রাকৃতিক সত্তাঃ যেমন - দৈত্যদানো, ভূতপ্রেত, জ্বীন, ডাইনী
- ১৩) অন্য কোনো বিশেষ ভয়ঃ (বর্ণনা করুন)
.....

না	কিছুটা	অনেকটা
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২

যদি খ১ এর তালিকায় কোনো একটিতে “অনেকটা” উত্তর দেয়া হয়, তাহলে খ২ প্রশ্নে এগিয়ে যান। অন্যথায় সরাসরি অংশ গ তে চলে যান।

খ২ এসব ভয় কি তার, আপনার বা আর কারোর জন্য সত্যিকার বিড়ম্বনার ব্যাপার হয়ে দাঁড়ায়?

না	হয়তোবা	নিশ্চিতভাবে
০	১	২

যদি খ২ এর উত্তর “নিশ্চিতভাবে” অথবা এসডিকিউ আবেগ মান ≥ 8 হয়, তাহলে পরবর্তী প্রশ্নে এগিয়ে যান। অন্যথায় সরাসরি অংশ গ তে চলে যান।

খ৩ কতোদিন ধরে এই ভয় বা ভয়গুলোর মধ্যে সবচেয়ে বেশি ভয় বর্তমান?

১ মাসের কম	১ - ৫ মাস	৬ মাস বা তার বেশি
০	১	২

খ৪ যখন শিশু (নাম) ভীতি উদ্বেককারী জিনিসের মুখোমুখি হয় বা হবার চিন্তা করে তখন সে কি উদ্ভিন্ন হয় বা এলোমেলো হয়ে পড়ে?

না	কিছুটা	অনেকটা
০	১	২

খ৭

খ৫

খ৫ ভীতি উদ্বেককারী জিনিসের মুখোমুখি হলে সে কি প্রতিবারই বা প্রায় প্রতিবারই উদ্ভিন্ন হয় বা এলোমেলো হয়ে পড়ে?

না	হ্যাঁ
০	১

খ৬ এই ভয় তাকে কতোবার এলোমেলো করে ফেলে?

দ্রষ্টব্য : যদি সে কোনো কিছুতে ভয় পায় যা কেবলমাত্র বছরের কোনো এক সময়ে হয়ে থাকে (যেমন - বাদলা পোকা, গুঁয়োপোকা) তাহলে এই প্রশ্ন সেই বিশেষ ঋতু সম্পর্কে হবে।

মার্বোমধ্যে	বেশিরভাগ সপ্তাহ	বেশিরভাগ দিন	দিনের মধ্যে অনেকবার
০	১	২	৩

খ৭ এসব ভয়ের কারণে কি সে ভীতি উদ্বেককারী জিনিসগুলো এড়িয়ে চলে?

না	কিছুটা	অনেকটা
০	১	২

খ৭

খ৮

খ৮ এরূপ এড়িয়ে চলা কি তার দৈনন্দিন জীবনে ব্যাঘাত ঘটায়?

না	কিছুটা	অনেকটা
০	১	২

খ৯ আপনি কি মনে করেন যে তার ভয়গুলো মাত্রাতিরিক্ত বা অহেতুক?

না	হয়তোবা	নিশ্চিতভাবে
০	১	২

খ১০ তার ধারণা কি? সে কি মনে করে যে এসব ভয় মাত্রাতিরিক্ত বা অহেতুক?

না	হয়তোবা	নিশ্চিতভাবে
০	১	২

যদি খ২ এর উত্তর “নিশ্চিতভাবে” অথবা খ৪ বা খ৭ এর উত্তর “অনেকটা” হয়, তাহলে ঠ১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “বিশেষ অহেতুক ভীতি” ঘরে টিক চিহ্ন দিন।

খ১১ তার এসব ভয় কি আপনার বা সামগ্রিকভাবে পরিবারের ওপর একটা বোঝা হয়ে দাঁড়িয়েছে?

মোটেন নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

অংশ গ সামাজিক পরিস্থিতি ভীতি (Fear of social situations)

শিশু (নাম) বিভিন্ন সামাজিক পরিস্থিতিতে বিশেষভাবে ভয় পায় কিনা তা জানতে চাই। এটি সমবয়সী শিশুদের সাথে তুলনা করে বলতে হবে এবং মাঝে মাঝে বিশেষ দিনের ভীতি বা সাধারণ লাজুকভাব নয়।

গ১ সামগ্রিকভাবে শিশু (নাম) কি অনেক লোকজনের মধ্যে থাকা, অপরিচিত কারো সাথে কথাবার্তা বলা, অন্যের সামনে কিছু করতে যাওয়ার মত সামাজিক পরিস্থিতিতে ভয় পায় বা এড়িয়ে চলে?

না	হ্যাঁ
০	১

যদি গ১ এর উত্তর “হ্যাঁ” অথবা এসডিকিউ আবেগ মান ≥ 8 হয়, তাহলে এগিয়ে যান। যদি এগুলোর কোনোটাই “না” হয়, তাহলে পরের অংশ বাদ দিয়ে সরাসরি অংশ ঘ তে চলে যান।

গ২ সে গত ৪ সপ্তাহে নিচের দেয়া সামাজিক পরিস্থিতিগুলোতে বিশেষভাবে ভয় পেয়েছে কি?

- ১) অপরিচিত কারো সাথে কথাবার্তা বলতে?
- ২) অনেক লোকজনের মধ্যে থাকতে, যেমন কোনো ভোজসভায়?
- ৩) অন্যদের সামনে যেতে?
- ৪) ক্লাসে কথা বলতে?
- ৫) অন্যদের সামনে শব্দ করে পড়তে?
- ৬) অন্যদের সামনে লিখতে?

না	কিছুটা	অনেকটা
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২

যদি গ২ এর তালিকার কোনো একটিতেও “অনেকটা” উত্তর পাওয়া না যায়, তাহলে পবরতী অংশ বাদ দিয়ে সরাসরি অংশ ঘ তে চলে যান।

গ৩ বেশির ভাগ শিশু কয়েকজন প্রধান বয়স্কের সাথে বিশেষভাবে আসক্ত থাকে, তারা কাছাকাছি থাকলে বেশি নিরাপদ বোধ করে। কতোক শিশু কেবলমাত্র সামাজিক পরিস্থিতিতে ভয় পায় যদি তাদের কাছাকাছি বিশেষভাবে আসক্ত প্রধান বয়স্কদের একজনও না থাকে।

অন্য শিশুরা বিশেষভাবে আসক্ত প্রধান বয়স্কদের কেউ সাথে থাকলেও বিভিন্ন সামাজিক পরিবেশে ভয় পায়।

তার জন্য কোনটা সত্য?

সামাজিক পরিস্থিতিতে বেশিরভাগ সময় ভালো থাকে যতক্ষণ প্রধান বয়স্করা তার কাছাকাছি থাকে	এমনকি প্রধান বয়স্করা কাছাকাছি থাকলেও সামাজিক ভীতি সুস্পষ্ট
০	১

গ৪ শিশু (নাম) কি কেবল বড়দের ভয় পায়, নাকি সে অনেক শিশুর মধ্যে বা অপরিচিত শিশুদের মুখোমুখি হতেও ভয় পায়?

কেবল বড়দের	কেবল শিশুদের	বড় ও শিশু উভয়দের
০	১	২

গ৫ এসব সামাজিক পরিস্থিতি ছাড়া সে কি তার সবচেয়ে পরিচিত বড়দের এবং শিশুদের সাথে স্বাচ্ছন্দ্য থাকে?

না	হ্যাঁ
০	১

গ৬ আপনি কি মনে করেন যে, সে এসব সামাজিক পরিস্থিতি অপছন্দ করে কারণ সে যা কিছু করে তা বিব্রতকর অথবা সবাই তাকে লক্ষ করবে?

না	হয়তোবা	নিশ্চিতভাবে
০	১	২

গ৭ (যদি গ২ এর ৪ বা ৫ বা ৬ প্রশ্নের উত্তর “হ্যাঁ” হয়, কেবলমাত্র তখন জিজ্ঞাসা করুন)

সে কি কথা বলতে, পড়তে বা লিখতে হবে এ ধরনের সামাজিক পরিস্থিতি গুলোকে অপছন্দ করে থাকে?

না	হয়তোবা	নিশ্চিতভাবে
০	১	২

গ৮ এসব সামাজিক পরিস্থিতিতে তার ভয় কতোদিন ধরে আছে?

১ মাসের কম	১ - ৫ মাস	৬ মাস বা তারও বেশি
০	১	২

গ৯ যখন তার সামাজিক পরিস্থিতি ভীতি শুরু হয়েছিল তখন তার বয়স কতো ছিল?

(যদি জন্ম থেকেই হয়, ০ বসান)

বছর বয়স

গ১০ শিশু (নাম) যেসব সামাজিক পরিস্থিতির মুখোমুখি হলে বা হবার কথা
ভাবলে ভয় পায় তার কোনো একটিকে মুখোমুখি হলে বা হবার কথা
ভাবলে সে কি উদ্ভিগ্ন হয় বা এলোমেলো হয়ে পড়ে?

না	কিছুটা	অনেকটা
০	১	২

}
↓
 প১২ গ১১

গ১১ তার সামাজিক পরিস্থিতি ভীতি তাকে এরকম কতবার
এলোমেলো করে দেয়?

মার্বোমধ্যে	বেশিরভাগ সপ্তাহ	বেশিরভাগ দিন	দিনের মধ্যে অনেক বার
০	১	২	৩

গ১২ এই ভয়ের কারণে কি শিশু (নাম) সামাজিক পরিস্থিতি এড়িয়ে চলে?

না	কিছুটা	অনেকটা
০	১	২

}
↓
 খ৭ গ১৩

গ১৩ এরূপ এড়িয়ে চলা কি তার দৈনন্দিন জীবনে ব্যাঘাত সৃষ্টি করে?

না	কিছুটা	অনেকটা
০	১	২

গ১৪ সে কি মনে করে যে এই সামাজিক পরিস্থিতি ভীতি মাত্রাতিরিক্ত বা
অহেতুক?

না	হয়তোবা	নিশ্চিতভাবে
০	১	২

গ১৫ তার এই ভয় আছে বলে সে কি বিপর্যস্ত?

না	কিছুটা	অনেকটা
০	১	২

যদি গ১০ বা গ১২ এর উত্তর “অনেকটা” হয়, তাহলে ঠ১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “সামাজিক অহেতুক ভীতি” ঘরে টিক চিহ্ন দিন।

গ১৬ শিশুর (নাম) সামাজিক পরিস্থিতি ভীতি কি আপনার বা
সামগ্রিকভাবে পরিবারের ওপর একটা বোঝা হয়ে দাঁড়িয়েছে?

মোটোও নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

অংশ ঘ আতঙ্কগ্রস্ততা এবং বহির্গমনের ভীতি (Panic Attacks and Agoraphobia)

অনেক শিশুই কখনো কখনো তুচ্ছ সামান্য বিষয়ে অনেক বেশি উদ্ভিগ্ন বা আতঙ্কিত হয়। কিছু শিশু কোনো কারণ ছাড়াই হঠাৎ করে প্রচণ্ড মাত্রায় আতঙ্কিত হয়ে পড়ে। এই আতঙ্কের জন্য কোনো বিষয় বা পরিস্থিতির দরকার হয় না।

ঘ১ গত ৪ সপ্তাহে কি শিশু (নাম) একবার আতঙ্কগ্রস্ততা দেখিয়েছিল যার কোনো কারণ ছিল না এমনকি আতঙ্ক শুরু হবার মত একটি সামান্য বিষয় ছাড়াই?

না	হ্যাঁ
০	১

যদি ঘ১ এর উত্তর “হ্যাঁ” হয়, তাহলে ঠ১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “আতঙ্কগ্রস্ততা/বহির্গমনের অহেতুক ভীতি” ঘরে টিকচিহ্ন দিন।

ঘ২ গত ৪ সপ্তাহ ধরে শিশু (নাম) কি নিচের পরিস্থিতি গুলোতে ভয় পেয়েছে অথবা এগুলো এড়িয়ে চলার চেষ্টা করেছে?

- ১) মানুষের ভিড়
- ২) জনসাধারণের জন্য বিভিন্ন স্থান
- ৩) একা ভ্রমণ করা
(যদি সে কখনো এরূপ করে থাকে)
- ৪) বাড়ির অনেক দূরে যাওয়া

না বা প্রয়োজ্য নয়	হ্যাঁ
০	১
০	১
০	১
০	১

যদি ঘ২ এর কোনো একটির উত্তর “হ্যাঁ” হয়, তাহলে ঘ৩ এ যান। অন্যথায় বাদ দিয়ে সরাসরি অংশ ঙ তে চলে যান।

ঘ৩ আপনি কি মনে করেন যে, তার আতঙ্কগ্রস্ততা বা এ জাতীয় কিছু ঘটবে বা ভয়ের পরিস্থিতি থেকে বেরিয়ে আসাটা কঠিন বা বিব্রতকর হবে বা সে দরকারি সহায়তা পাবে না - এসব কি এই ভয় বা ভয়ের পরিস্থিতি এড়িয়ে চলার কারণ?

না	হ্যাঁ
০	১

যদি ঘ৩ এর উত্তর “হ্যাঁ” হয়, তাহলে ঠ১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “আতঙ্কগ্রস্ততা/বহির্গমনের অহেতুক ভীতি” ঘরে টিকচিহ্ন দিন।

অংশ ৬ মানসিক আঘাতোত্তর মানসিক চাপ (Post Traumatic Stress)

এ অংশটা এমন সব ঘটনা অথবা পরিস্থিতি সংশ্লিষ্ট যেগুলো আসলেই ব্যতিক্রমধর্মী মানসিক চাপসম্পন্ন এবং এতে আক্রান্ত প্রায় সবাই সত্যিকারভাবে বিপর্যস্ত হতে পারে। যেমন - আগুন লেগেছে এমন কোনো বাড়িতে আটকে পড়া, নির্যাতিত হওয়া, কোনো মারাত্মক ধরনের যান দুর্ঘটনার শিকার হওয়া, অস্ত্রের মুখে নিজেকে ছিনতাই হতে দেখা।

৬১ শিশুর (নাম) জীবনে কি এ ধরনের কোনো ঘটনা ঘটেছিল?

না	হ্যাঁ
০	১

৬২ (যদি ৬১ এর উত্তর “হ্যাঁ” হয়, তাহলে “যাচাই করার জন্য” বলে প্রশ্ন শুরু করুন)
শিশু (নাম) কি কখনো নিচের কোনো একটির মুখোমুখি হয়েছিল?

না	হ্যাঁ
----	-------

শিশুর দুর্বিপাকের মধ্যে পড়া

- ১) মারাত্মক এবং ভয়াবহ দুর্ঘটনা, যেমন - গাড়ি চাপা পড়া, ভয়ানক গাড়ি বা ট্রেনের সংঘর্ষ হওয়া, ইত্যাদি
- ২) অগ্নিকান্ড, যেমন - জ্বলন্ত বাড়ির মধ্যে আটকে পড়া
- ৩) অন্যান্য দুর্বিপাক, যেমন - অপহরণ, বন্যা, জলোচ্ছাস, ভূমিকম্প, যুদ্ধ

০	১
০	১
০	১

শিশুর প্রতি সহিংসতা

- ৪) গুরুতর আক্রমণ বা হুমকি, যেমন - ছিনতাইকারী বা ডাকাতদলের কাছ থেকে
- ৫) গুরুতর শারীরিক নির্যাতন যা তার এখনো মনে পড়ে

০	১
০	১

শিশুর প্রতি যৌন নিপীড়ন

- ৬) যৌন নির্যাতন

০	১
---	---

- ৭) ধর্ষণ

০	১
---	---

দারুণ বিপর্যস্ত হবার মত কিছু শিশুর প্রত্যক্ষ করা

- ৮) মারাত্মক গৃহবিবাদ হতে দেখা, যেমন - মাচকে প্রচণ্ড মার খেতে দেখা
- ৯) পরিবারের কোনো সদস্য বা কোনো বন্ধুকে আক্রান্ত বা হুমকির শিকার হতে দেখা
- ১০) আকস্মিক মৃত্যু, আত্মহত্যা, আত্মহত্যার চেষ্টা, মারাত্মক দুর্ঘটনা বা হৃদরোগে আক্রান্ত হতে দেখা

০	১
০	১
০	১

অন্যান্য মারাত্মক বৈকল্য

- ১১) অন্য কোনো মারাত্মক পীড়াদায়ক ঘটনা (বর্ণনা করুন)

০	১
---	---

যদি ৬২ এর কোনো একটির উত্তর “হ্যাঁ” হয়, তাহলে এগিয়ে যান। অন্যথায় অংশ চতে চলে যান।

৬৩ ঐ সময়ে শিশু (নাম) কি অতিরিক্ত মাত্রায় মর্মবেদনায় ছিল অথবা তার আচরণে আকস্মিক পরিবর্তন দেখা দিয়েছিল?

৬৩ক এখন, তা কি শিশুর (নাম) আচরণ, অনুভূতি বা মনোযোগের ওপর প্রভাব ফেলছে?

না	হ্যাঁ
০	১
না	হ্যাঁ
০	১

↓
অংশ চ

↓
৬৪

৬৪ গত ৪ সপ্তাহ ধরে শিশুর (নাম) আছে ...

১) ঘটনার স্মৃতিগুলো প্রাণবন্ত ছবির মত ভাসে?

২) ঘটনাটি দুঃস্বপ্ন হয়ে বার বার আসে?

৩) সেই ঘটনা স্মরণ করিয়ে দেয় এমন কিছু ঘটলে সে কি এলোমেলো হয়ে পড়ে?

৪) ঘটনা সম্পর্কে চিন্তা করা, এমনকি কোনো কিছু বলা পর্যন্ত এড়িয়ে চলার চেষ্টা করে থাকে?

৫) সেই ঘটনা মনে করিয়ে দেয় এমন কাজকর্ম, স্থান বা লোকজন এড়িয়ে চলার চেষ্টা করে থাকে?

৬) ঘটনার কোনো একটা গুরুত্বপূর্ণ অংশ সে মনে করতে পারে না?

৭) আগে উপভোগ করতো এমন কর্মকাণ্ডগুলোতে অনেক কম আগ্রহ দেখায়?

৮) অন্যদের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে বা দূরে সরে গেছে এরূপ অনুভব করে?

৯) আগের তুলনায় অনুভূতি প্রকাশের ক্ষমতা সংকীর্ণ হয়ে পড়েছে, যেমন ভালোলাগার অনুভূতি প্রকাশ করতে পারে না?

১০) ভবিষ্যৎ নিয়ে কম আত্মবিশ্বাসে ভোগে?

১১) ঘুমের সমস্যা হয়?

১২) খিটখিটে বা রগচটা হয়ে গেছে?

১৩) কোনো কিছুতে মনোযোগ দিতে অসুবিধে হয়?

১৪) বিপদ ঘটে যেতে পারে এমন আশঙ্কায় সর্বদাই সন্ত্রস্ত থাকে?

১৫) অল্প শব্দ হলেই বা অন্য কোনো কিছুতে সহজেই চমকে ওঠে?

না	কিছুটা	অনেকটা
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২
০	১	২

যদি ৬৪ এর কোনো একটির উত্তর “অনেকটা” হয়, তাহলে ৪১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “মানসিক আঘাতোত্তর মানসিক চাপ” ঘরে টিকচিহ্ন দিন ও ৬৫ এ এগিয়ে যান। অন্যথায় পরবর্তী অংশ বাদ দিয়ে সরাসরি অংশ চ তে চলে যান।

৬৫ আপনি শিশুর এসব সুস্পষ্ট উপসর্গ সম্পর্কে বলেছেন।
ঘটনার কতো পরে এসব সমস্যা শুরু হয়েছিল?

৬ মাসের মধ্যে	ঘটনার ৬ মাস পরে
০	১

৬৬ শিশু কতোদিন ধরে এসব সমস্যায় ভুগছে?

১ মাসের কম	১ - ৩ মাস	৩ মাস বা তারও বেশি
০	১	২

৬৭ মানসিক চাপজনিত ঘটনা বা ঘটনাগুলো থেকে উদ্ভূত সমস্যাগুলোর কারণে সে কতোটা বেদনার্ত বা বিপর্যস্ত?

মোটেনয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

৬৮ এসব সমস্যা কি ব্যাঘাত ঘটিয়েছে....

১) আপনার ও পরিবারের অন্যান্যদের সাথে তার স্বাচ্ছন্দ্যে?

২) বন্ধু তৈরি করা ও ধরে রাখতে পারায়?

৩) লেখাপড়া বা শ্রেণীর কাজে?

৪) খেলাধুলা, শখ বা অন্যান্য অবসর বিনোদনমূলক কাজে?

মোটেনয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩
০	১	২	৩
০	১	২	৩
০	১	২	৩

৬৯ শিশুর এসব সমস্যা কি আপনার বা সামগ্রিকভাবে পরিবারের ওপর একটা বোঝা হয়ে দাঁড়িয়েছে?

মোটেনয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

অংশ চ বাধ্যতামূলক আচরণ ও চিন্তাবাতিক (Compulsions and Obsessions)

অনেক শিশুর মাঝে কতক অভ্যাস আর সংস্কার দেখা যায়, যেমন - মেঝের ফাটলে পা না দেয়া, রাতে ঘুমানোর আগে কোনো বিশেষ আচরণ করা, সামনের পরীক্ষা বা ফুটবল ম্যাচের জন্য কোনো পয়মন্ত পোষাক পরা বা চিহ্ন ধারণ করা ইত্যাদি। বিকাশের বিভিন্ন স্তরে শিশুদের মধ্যে কোনো সুনির্দিষ্ট বিষয় বা কার্যক্রম সম্পর্কে চিন্তাবাতিক থাকা স্বাভাবিক। শিশুর (নাম) যে সব আচরণ বা চিন্তাবাতিক এই স্বাভাবিক মাত্রার চাইতে বেশি সে সম্পর্কে আমি জানতে চাই।

চ১ সামগ্রিকভাবে শিশুর (নাম) এমন সব আচরণ বা চিন্তাবাতিক আছে কি যেসব তাকে এলোমেলো করে, অনেক সময় নষ্ট করে দেয় বা দৈনন্দিন জীবনযাত্রায় বিঘ্ন ঘটিয়ে থাকে?

না	হ্যাঁ
০	১

যদি চ১ এর উত্তর “হ্যাঁ” অথবা এসডিকিউ আবেগ মান ≥ 8 হয়, তাহলে নিচের প্রশ্নগুলোতে এগোন। অন্যথায় বাদ দিয়ে সরাসরি অংশ ছ তে চলে যান।

চ২ গত ৪ সপ্তাহ ধরে, সে কি নিচের আচরণগুলোর অন্তত একটি বারবার করেছে বা করেছে, যদিও শিশু একবার তা করেছে বা এগুলো করার আদৌ কোনো দরকার ছিল না?

	না	কিছুটা	অনেকটা
১) মাত্রাতিরিক্ত পরিচ্ছন্নতাঃ হাত ধোয়া, গোসল করা, ধারাবান করা, দাঁত মাজা ইত্যাদি	০	১	২
২) ধুলোবালি, ময়লা বা জীবাণু থেকে রক্ষা পাওয়ার জন্য কোনো বিশেষ পদ্ধতি অবলম্বন করা	০	১	২
৩) বার বার পরখ করে দেখাঃ দরজা, তালা, চুলো, গ্যাসের নির্গমন, বৈদ্যুতিক সুইচ	০	১	২
৪) অকারণে একই সাধারণ কাজ শেণীবদ্ধভাবে বারংবার করাঃ যেমন - উঠে দাঁড়ানো বা বসে পড়া, দরজাপথ দিয়ে সামনে বা পিছনে যাওয়া	০	১	২
৫) কোনো বস্তু বা ব্যক্তিকে বিশেষ নিয়মে স্পর্শ করা	০	১	২
৬) জিনিসগুলোকে এমনভাবে সাজানো যেনো এভাবে সাজাতে হয় বা সাদৃশ্যতা প্রকাশ পায়	০	১	২
৭) কোনো বিশেষ শুভ সংখ্যা গণনা করা বা অশুভ সংখ্যা পরিহার করা	০	১	২

৮৩ গত ৪ সপ্তাহ ধরে, শিশুকে (নাম) ধুলোময়লা, জীবাণু বা বিষাক্ত জিনিস সম্পর্কে বাধ্যতামূলকভাবে উদ্বিগ্ন হতে দেখা গেছে কি - যা সে তার মন থেকে সরাতে পারছে না?

না	কিছুটা	অনেকটা
০	১	২

৮৩ক গত ৪ সপ্তাহ ধরে, শিশুকে (নাম) কি ধর্ম সম্পর্কে বা স্রষ্টা নারাজ হতে পারে বলে বাধ্যতামূলকভাবে উদ্বিগ্ন হতে দেখা গেছে?

না	কিছুটা	অনেকটা
০	১	২

যদি ৮২ বা ৮৩ বা ৮৩ক এর উত্তর “অনেকটা” হয়, তাহলে ৪১ (৫৫পৃষ্ঠা) চেকলিস্টের “চিন্তাবাতিক ও বাধ্যতামূলক আচরণ” ঘরে টিক চিহ্ন দিন।

৮৪ গত ৪ সপ্তাহ ধরে, শিশু (নাম) কি তার নিজের অথবা অন্য কারোর অসুস্থতা, দুর্ঘটনা, আগুন লাগা বা এ ধরনের মারাত্মক কিছু ঘটবে এমন চিন্তায় বার বার উদ্বিগ্ন হয়েছে?

না	কিছুটা	অনেকটা
০	১	২

৮৬ তার বা অন্যের মারাত্মক কিছু একটা ঘটে যাচ্ছে এমন বাধ্যতামূলক চিন্তা কি তার প্রধান আসক্তজনদের কাছ থেকে বিচ্ছিন্ন হবার সাধারণ উদ্বেগের অংশ অথবা এগুলো সম্পূর্ণ স্বতন্ত্র সমস্যা?

বিচ্ছিন্নতা সংশ্লিষ্ট উদ্বেগাধিক্যের অংশ	সম্পূর্ণ স্বতন্ত্র একটা সমস্যা
০	১

যদি ৮৬ এর উত্তর “সম্পূর্ণ স্বতন্ত্র একটা সমস্যা” হয়, তাহলে ৪১ (৫৫পৃষ্ঠা) চেকলিস্টের “চিন্তাবাতিক ও বাধ্যতামূলক আচরণ” ঘরে টিকচিহ্ন দিন।

৪১ (৫৫পৃষ্ঠা) চেকলিস্টের “চিন্তাবাতিক ও বাধ্যতামূলক আচরণ” ঘরে টিকচিহ্ন দেয়া হলে পরবর্তী প্রশ্নগুলোতে এগিয়ে যান। অন্যথায় তা বাদ দিয়ে সরাসরি অংশ ছ তে চলে যান।

৮৭ শিশুর (নাম) বাধ্যতামূলক আচরণ বা চিন্তাগুলো কি কমপক্ষে ২ সপ্তাহ ধরে প্রায় সবকটা দিনে বর্তমান?

না	হ্যাঁ
০	১

৮৮ সে কি মনে করে যে তার বাধ্যতামূলক আচরণ বা চিন্তাগুলো মাত্রাতিরিক্ত বা অহেতুক?

না	হয়তোবা	নিশ্চিতভাবে
০	১	২

৮৯ সে কি বাধ্যতামূলক আচরণ বা চিন্তাগুলো না করার চেষ্টা করে থাকে?

না	হয়তোবা	নিশ্চিতভাবে
০	১	২

চ১০ এসব বাধ্যতামূলক আচরণ বা চিন্তা কি তাকে এলোমেলো করে ফেলে?

না, সে ওইগুলো উপভোগ করে থাকে	প্রতিক্রিয়াহীন, সে উপভোগও করেনা বা এলোমেলো হয়েও পড়েনা	ওইগুলো তাকে কিছুটা এলোমেলো করে ফেলে	ওইগুলো তাকে অনেকটা এলোমেলো করে ফেলে
০	১	২	৩

চ১১ এসব বাধ্যতামূলক আচরণ বা চিন্তাতে কি গড়ে প্রতিদিন অন্তত এক ঘন্টা সময় অতিবাহিত হয়ে যায়?

না	হ্যাঁ
০	১

চ১২ এসব বাধ্যতামূলক আচরণ বা চিন্তা কি ব্যাঘাত ঘটিয়েছে ...

- ১) আপনার ও পরিবারের অন্যান্যদের সাথে তার স্বাচ্ছন্দ্য?
- ২) বন্ধু তৈরি করা ও ধরে রাখতে পারায়?
- ৩) লেখাপড়া বা শ্রেণীর কাজে?
- ৪) খেলাধুলা, শখ বা অন্যান্য অবসর বিনোদনমূলক কাজে?

মোটোও নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩
০	১	২	৩
০	১	২	৩
০	১	২	৩

চ১৩ এসব বাধ্যতামূলক আচরণ বা চিন্তা কি আপনার বা সামগ্রিকভাবে পরিবারের ওপর একটা বোঝা হয়ে দাঁড়িয়েছে?

মোটোও নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

অংশ ছ অনির্দিষ্ট উদ্বেগাধিক্য (Generalized Anxiety)

এই অংশ উদ্ভিগ্নতা সম্পর্কিত।

ছ২ শিশু (নাম) কি কখনো উদ্ভিগ্ন হয়েছে?

না	হ্যাঁ
০	১
↓	↓
অংশ জ	এগিয়ে যান

কিছু শিশু অল্প কয়েকটা বিষয়ে উদ্ভিগ্ন থাকে যা কখনো বিশেষ ভীতি, বাধ্যতামূলক চিন্তাবাতিক বা আসক্তজন হতে বিচ্ছিন্নতা সংশ্লিষ্ট উদ্বেগের সাথে সম্পর্কিত। অন্য শিশুরা জীবন যাপনের নানান দিক সম্পর্কে উদ্ভিগ্ন হয়ে থাকে। তাদের বিশেষ ভীতি, বাধ্যতামূলক চিন্তাবাতিক বা আসক্তজন হতে বিচ্ছিন্নতা সংশ্লিষ্ট উদ্বেগ থাকলেও বিভিন্ন বিষয়ে একটা ব্যাপক উদ্বেগ থাকে।

ছ২ক শিশু (নাম) কি সাধারণভাবে উদ্বেগসম্পন্ন?

না, তার শুধু কয়েকটা নির্দিষ্ট উদ্বেগ আছে	হ্যাঁ, সে সাধারণভাবে উদ্ভিগ্ন হয়ে থাকে
০	১
↓	↓
কেবলমাত্র এসডিকিউ আবেগ মান ≥ 8 হলে এগিয়ে যান	এগিয়ে যান

ছ৩ গত ৬ মাস ধরে, শিশু (নাম) কি অনেক কিছু নিয়ে এতটা বেশি উদ্ভিগ্ন আছে যা শিশুকে এলোমেলো করে ফেলেছে বা দৈনন্দিন জীবন যাত্রায় বিঘ্ন ঘটিয়েছে?

না	হয়তোবা	নিশ্চিতভাবে
০	১	২

যদি ছ৩ এর উত্তর “হয়তোবা” অথবা “নিশ্চিতভাবে” অথবা এসডিকিউ আবেগ মান ≥ 8 হয়, তাহলে নিচের প্রশ্নগুলোতে এগোন। অন্যথায় বাদ দিয়ে সরাসরি অংশ জ তে চলে যান।

ছ৪	গত ৬ মাস ধরে এবং সমবয়সী অন্যদের তুলনায় নিচের বিষয়গুলোতে শিশুর (নাম) উদ্বেগ আছে কি ...	অন্যদের তুলনায় বেশি নয়	অন্যদের তুলনায় সামান্য বেশি	অন্যদের তুলনায় অনেক বেশি
১)	অতীত আচরণঃ আমি কি ভুল করেছি? আমি কি কাউকে কষ্ট দিয়েছি? তারা কি আমাকে ক্ষমা করেছে?	০	১	২
২)	স্কুলের কাজ, বাড়ির কাজ বা পরীক্ষা সম্পর্কিত উদ্বেগ	০	১	২
৩)	দুর্বিপাকঃ চুরি, ছিনতাই, আগুন লাগা, বোমা বিস্ফোরিত হওয়া ইত্যাদি বিষয়	০	১	২
৪)	তার নিজ স্বাস্থ্য সম্পর্কে	০	১	২
৫)	অন্যদের খারাপ কিছু ঘটতে যাচ্ছে এমন উদ্বেগঃ পরিবারের, বন্ধুদের, পোষা প্রাণীদের, পৃথিবীর (যেমন - যুদ্ধবিগ্রহ)	০	১	২
৬)	ভবিষ্যৎ নিয়ে উদ্বেগঃ যেমন - স্কুল বদল, বাড়ি বদল, চাকরি পাওয়া, বন্ধু-বান্ধবী পাওয়া	০	১	২
৭)	বন্ধু তৈরি করা ও ধরে রাখা	০	১	২
৮)	মৃত্যু ও মরণ বিষয়ক	০	১	২
৯)	লাঞ্ছনা বা বিদ্বেষের শিকার হওয়া	০	১	২
১০)	তার চেহারা বা ওজন	০	১	২
১১)	অন্য নির্দিষ্ট উদ্বেগ (বর্ণনা করুন)	০	১	২

যদি এসব উদ্বেগের ২ বা ততোধিক বিষয়ে “অন্যদের তুলনায় অনেক বেশি” উত্তর দেয়া হয় তাহলে এগিয়ে যান, অন্যথায় বাদ দিয়ে অংশ জ তে চলে যান।

ছ৬	গত ৬ মাস ধরে অধিকাংশ দিনই শিশু কি মাত্রাতিরিক্ত উদ্ভিগ্ন ছিল?	না	হ্যাঁ
		০	১

ছ৭	এ উদ্বেগ নিয়ন্ত্রণ করাটা কি শিশুর জন্য কষ্টকর হয়ে দাঁড়ায়?	না	হ্যাঁ
		০	১

যদি ছ৬ বা ছ৭ এর উত্তর “হ্যাঁ” হয়, তাহলে ঠ১ (৩৪ পৃষ্ঠা) চেকলিস্টের “ অনির্দিষ্ট উদ্বেগাধিক্য” ঘরে টিক চিহ্ন দিন ও এগিয়ে যান। অন্যথায় বাদ দিয়ে অংশ জ তে চলে যান।

ছ৮ যদি নিচের প্রশ্নগুলোর কোনো একটি উত্তর “হ্যাঁ” হয়, জিজ্ঞাসা করুন “গত ৬ মাসের অধিকাংশ দিনের জন্য তা কি সত্য?” এবং উত্তর দ্বিতীয় কলামে লিখুন।

	সাধারণভাবে		→	৬ মাসের অধিকাংশ দিন	
	না	হ্যাঁ		না	হ্যাঁ
১) উদ্বেগের কারণে সে কি অশিচর, উৎকর্ষিত, টানটান অবস্থায় থাকতো বা সহজ হতে পারতো না?	০	১	→	০	১
২) উদ্বেগের কারণে তার অবসন্নতা বা সহজেই হাঁপিয়ে ওঠার অবস্থা হতো কি?	০	১	→	০	১
৩) উদ্বেগের কারণে তার কি কোনো কিছুতে মনোযোগ দেয়াতে বিঘ্ন ঘটতো অথবা মাথা ফাঁকা হয়ে যাচ্ছে এমন মনে হতো?	০	১	→	০	১
৪) উদ্বেগের কারণে সে কি খিটখিটে হয়ে যেতো?	০	১	→	০	১
৫) উদ্বেগের কারণে তার মাংসপেশীতে কি ব্যথা হতো?	০	১	→	০	১
৬) উদ্বেগের কারণে তার ঘুমের সমস্যা, যেমন - ঘুম আসতে বা ঘুমিয়ে থাকতে অসুবিধে হতো বা অস্থির বা অতৃপ্তির ঘুম হতো?	০	১	→	০	১

ছ৯ সামগ্রিকভাবে শিশু (নাম) তার নানান উদ্বেগের কারণে কতোটা এলোমেলো হয়ে পড়ে বা কষ্ট পায়?

মোটের নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

ছ১০ এসব উদ্বেগ কি ব্যঘাত ঘটিয়েছে

মোটের নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের	
০	১	২	৩	
১) আপনার ও পরিবারের অন্যান্যদের সাথে তার স্বাচ্ছন্দ্য?	০	১	২	৩
২) বন্ধু তৈরি করা ও ধরে রাখতে পারায়?	০	১	২	৩
৩) লেখাপড়া বা শ্রেণীর কাজে?	০	১	২	৩
৪) খেলাধুলা, শখ বা অন্যান্য অবসর বিনোদনমূলক কাজে?	০	১	২	৩

ছ১১ শিশুর এসব উদ্বেগ কি আপনার বা সামগ্রিকভাবে পরিবারের ওপর একটা বোঝা হয়ে দাঁড়িয়েছে?

মোটের নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

অংশ জ বিষণ্ণতা (Depression)

সাক্ষাৎকারের এ অংশটি শিশুর মেজাজ সম্পর্কিত।

জ১ গত ৪ সপ্তাহে এমন সময় কি গিয়েছে যখন শিশু খুব বেশি মাত্রায় বিষণ্ণ, বিমর্ষ, অসুখী বা কাঁদো কাঁদো থাকতো?

না	হ্যাঁ
০	১
↓	↓
জ৭	জ২

জ২ গত ৪ সপ্তাহে ধরে এমন সময় কি ছিল যখন সে প্রায় প্রতিদিনই সত্যিকারভাবে বিমর্ষ থাকতো?

না	হ্যাঁ
০	১

জ৩ ওই বিমর্ষকালীন সময়ে সে কি দিনের বেশিরভাগ সময়েই সত্যিকারভাবে বিমর্ষ থাকতো?
(অর্থাৎ কয়েক ঘন্টার কম নয়)

না	হ্যাঁ
০	১

জ৪ বিমর্ষকালীন সময়ে সে কি উৎফুল্ল হয়ে উঠতে পারতো?

সহজেই	কষ্টের সাথে / তাও ক্ষণিকের জন্য	মোটাই না
০	১	২

জ৫ গত ৪ সপ্তাহ ধরে সত্যিকার বিমর্ষ থাকার সময়কাল ছিলঃ

২ সপ্তাহের কম	২ সপ্তাহ বা তারও বেশি
০	১

যদি জ১ এবং জ২ এবং জ৩ এর উত্তর “হ্যাঁ” হয়, তাহলে ঠ১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “বিষণ্ণতা” ঘরে টিক চিহ্ন দিন।

জ৭ গত ৪ সপ্তাহে শিশুকে বদমেজাজী বা খিটখিটে মেজাজের হতে দেখা গেছে কি যা তার সহজাত আচরণ নয়?

না	হ্যাঁ
০	১
↓	↓
জ১৩	জ৮

জ৮ গত ৪ সপ্তাহ ধরে এমন সময় গেছে কি যখন প্রায় প্রতিদিনই সে বদমেজাজী বা খিটখিটে মেজাজের ছিল?

না	হ্যাঁ
০	১

জ৯ ওই সময়ে সে কি দিনের বেশিরভাগ সময়েই বদমেজাজী বা খিটখিটে মেজাজের থাকতো?
(অর্থাৎ কয়েক ঘন্টার কম নয়)

না	হ্যাঁ
০	১

জ১০ বিশেষ কোনো কার্যকলাপে, বন্ধু-বান্ধবদের সাথে দেখা সাক্ষাতে বা অন্য কোনোভাবে কি তার খিটখিটে মেজাজ কমতো?

সহজেই	কষ্টের সাথে / তাও ক্ষণিকের জন্য	মোটাই হ্যাঁ
০	১	২

জ১১ গত ৪ সপ্তাহ ধরে সত্যিকারভাবে খিটখিটে মেজাজ থাকার সময়কাল ছিলঃ

২ সপ্তাহের কম	২ সপ্তাহ বা তারও বেশি
০	১

যদি জ৭ এবং জ৮ এবং জ৯ এর উত্তর “হ্যাঁ” হয়, তাহলে ঠ১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “বিরজিবোধ” ঘরে টিক চিহ্ন দিন।

জ১৩

গত ৪ সপ্তাহে এমন সময় গেছে কি যখন শিশু (নাম) সাধারণভাবে উপভোগ করতো এধরনের সবকিছুতেই বা প্রায় সবকিছুতেই আগ্রহ হারিয়ে ফেলেছিল?

না	হ্যাঁ
০	১
↓	↓
জ১৮	জ১৪

জ১৪

গত ৪ সপ্তাহ ধরে সে কি প্রায় প্রতিদিনই আগ্রহ হারিয়ে ফেলতো?

না	হ্যাঁ
০	১

জ১৫

এই দিনগুলিতে সে কি প্রতিটি দিনের বেশিরভাগ সময়েই আগ্রহ হারিয়ে ফেলতো?
(অর্থাৎ কয়েক ঘন্টার কম নয়)

না	হ্যাঁ
০	১

জ১৬

গত ৪ সপ্তাহ ধরে এই আগ্রহ হারিয়ে ফেলার সময়কাল হতোঃ

২ সপ্তাহের কম	২ সপ্তাহ বা তারও বেশি
০	১

জ১৭

যদি “বিষণ্ণতা অথবা বিরক্তিবোধ” ঘরে টিক চিহ্ন দেয়া হয়ে থাকে, তাহলে জিজ্ঞাসা করুনঃ

যখন শিশু সত্যিকারভাবে বেশিরভাগ সময় বিমর্ষ বা বিরক্ত থাকতো তখন তার সাথে কি অনাগ্রহ বিষয়টিও বেশিরভাগ সময় থাকতো?

না	হ্যাঁ
০	১

যদি জ১৩ এবং জ১৪ এর উত্তর “হ্যাঁ” হয়, তাহলে ঠ১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “আগ্রহ হারানো” ঘরে টিক চিহ্ন দিন।

জ১৮ যদি ঠ১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “বিষণ্নতা বা বিরক্তিবোধ বা আগ্রহ হারানো” ঘরে টিক চিহ্ন দেয়া হয়ে থাকে তাহলে এগিয়ে যান। অন্যথায় বাদ দিয়ে সরাসরি জ২২ এ চলে যান।

যে সময়ে শিশু (নাম) বিমর্ষ, বিরক্ত বা অনাগ্রহী ছিল, সেসময়		না	হ্যাঁ
১)	সে কি সবসময় শক্তিহীনতা বা ক্লান্তি বোধ করতো?	০	১
২)	সে কি স্বাভাবিক অবস্থার তুলনায় অনেক বেশি বা কম পরিমাণ খেতো?	০	১
৩)	তার ওজন কি অনেকটা কমতো বা বেড়ে যেতো?	০	১
৪)	ঘুমাতে পারা কি তার জন্য কষ্টকর হতো?	০	১
৫)	সে কি বেশি পরিমাণে ঘুমিয়ে থাকতো?	০	১
৬)	সে কি বেশিরভাগ সময় কষ্টে ছটফট করতো বা অস্থির থাকতো?	০	১
৭)	সে কি বেশিরভাগ সময় নিজেকে মূল্যহীন বা অহেতুক অপরাধী ভাবতো?	০	১
৮)	কেনো কিছুতে মনোযোগ দেয়া বা চিন্তা করা তার জন্য কি খুব বেশি কঠিন হয়ে দাঁড়াতো?	০	১
৯)	সে কি অনেক বেশি মৃত্যু চিন্তা করতো?	০	১
১০)	সে কি নিজের ক্ষতি করা বা আত্মহত্যার কথা বলতো?	০	১
১১)	সে কি নিজের ক্ষতি করা বা আত্মহত্যার চেষ্টা করেছিল?	০	১

জ১৮(১২)

জীবনে কোনোদিন সে কি নিজের ক্ষতি করা বা আত্মহত্যার চেষ্টা করেছে?

না	হ্যাঁ
০	১

জ১৯ শিশুর (নাম) বিমর্ষতা, বিরক্তিবোধ বা অনাগ্রহ তাকে কতোটা এলোমেলো করে ফেলে বা কষ্ট দেয়?

মোটোও নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

জ২০ তার বিমর্ষতা, বিরজিবোধ বা অনাগ্রহ কি ব্যঘাত ঘটিয়েছে

- ১) আপনার ও পরিবারের অন্যান্যদের সাথে তার স্বাচ্ছন্দ্যে?
- ২) বন্ধু তৈরি করা ও ধরে রাখতে পারায়?
- ৩) লেখাপড়া বা শ্রেণীর কাজে?
- ৪) খেলাধুলা, শখ বা অন্যান্য অবসর বিনোদনমূলক কাজে?

মোটের নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩
০	১	২	৩
০	১	২	৩
০	১	২	৩

জ২১ তার বিমর্ষতা, বিরজিবোধ বা অনাগ্রহ কি আপনার বা সামগ্রিকভাবে পরিবারের ওপর একটা বোঝা হয়ে দাঁড়িয়েছে?

মোটের নয়	খুব সামান্য	বেশ অনেকটা	বড় রকমের
০	১	২	৩

এবার অংশ ঝ তে চলে যান। যদি আপনি ইতিমধ্যেই জ১৮ (৯ থেকে ১২) জিজ্ঞাসা করে থাকেন তাহলে জ২২ থেকে জ২৪ আর জিজ্ঞাসা করার দরকার নেই।

স্বেচ্ছাপ্রণোদিতভাবে নিজের ক্ষতি করা (Deliberate Self-Harm)

- জ২২ গত ৪ সপ্তাহ ধরে, সে কি স্বেচ্ছাপ্রণোদিতভাবে নিজের ক্ষতি বা আঘাত করার কথা বলেছে?
- জ২৩ গত ৪ সপ্তাহ ধরে, সে কি স্বেচ্ছাপ্রণোদিতভাবে নিজের ক্ষতি বা আঘাত করার চেষ্টা করেছে?
- জ২৪ তার জীবনে সে কি স্বেচ্ছাপ্রণোদিতভাবে নিজের ক্ষতি বা আঘাত করার চেষ্টা করেছে?

না	হ্যাঁ
০	১
০	১
০	১

যদি জ২২ বা জ২৩ বা জ২৪ এর উত্তর “হ্যাঁ” হয়, তাহলে ঠ১ (৫৫ পৃষ্ঠা) চেকলিস্টের “স্বেচ্ছাপ্রণোদিতভাবে নিজের ক্ষতি করা” ঘরে টিকচহু দিন।

অংশ ঝ মনোযোগ ও কর্মকাণ্ড (Attention and Activity)

সাক্ষাৎকারের এই অংশটি গত ৬ মাসকালে শিশুর (নাম) চঞ্চলতা ও মনোযোগ দেয়ার ক্ষমতা সম্পর্কিত। প্রায় সব শিশুই চঞ্চল প্রকৃতির হয় ও সচরাচর মনোযোগ হারিয়ে ফেলে। এক্ষেত্রে বিবেচ্য হলো সমবয়সীদের তুলনায় শিশুর (নাম) চঞ্চলতা ও মনোযোগ দেবার ক্ষমতা কেমন। শিশু সচরাচর যে আচরণ দেখায় সে সম্পর্কে জানতে আমি আগ্রহী, মাঝে মধ্যে বিশেষ দিনের এ ধরনের কোনো আচরণ নয়।

ঝ১ বয়স বিবেচনায় আপনি কি মনে করেন শিশুর (নাম) নিশ্চিতভাবে অতিরিক্ত চঞ্চলতা ও কম মনোযোগের সমস্যা রয়েছে?

না	হ্যাঁ
০	১

